

ছেলে হোক, মেয়ে হোক,
দুটি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
কাঠালিয়া, ঝালকাঠি।



স্মারক নং উপজেলা/ পপ/ কাঠা /২০২২/ ৩৩

তারিখঃ ১০/০১/২০২২খ্রিঃ।

নিলাম বিজ্ঞপ্তি

মন্ত্রণালয় কর্তৃক গঠিত পুরাতন ভবন/স্থাপনা অকেজো ঘোষণা এবং নিলাম কমিটির ১৫/১২/২০২১খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী এতদ্বারা সংশ্লিষ্ট সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলার কাঠালিয়া উপজেলাধীন শৌলজালিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অকেজো ঘোষিত পুরাতন জ্বরাজীর্ণ একতলা ক্লিনিক ভবনটি প্রকাশ্যে নিলামের মাধ্যমে অপসারণের জন্য আগামী ১৮/০১/২০২২খ্রিঃ তারিখ (রোজ মঙ্গলবার) দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে প্রকাশ্যে নিলাম ডাক আহ্বান করা হয়েছে। ঐ দিন সকাল ১১ঃ০০ ঘটিকার মধ্যে নিলাম কমিটির নিকট ৭,০০০/- (সাত হাজার মাত্র) টাকা (ফেরৎযোগ্য) জমাপ্রদান পূর্বক আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠান উক্ত প্রকাশ্য নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারবেন। এখানে উল্লেখ্য যে, নিলাম প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ২০/০১/২০২২খ্রিঃ তারিখের মধ্যে যথানিয়মে সরকারী কোষাগারে কোড নং ১-২৭৮১-০০০০-২৩৬৬ এ নিলামের সমুদয় অর্থ জমা প্রদানপূর্বক চালানের কপি জমা প্রদান করতঃ কার্যাদেশ গ্রহণ করবেন। নিলাম ডাক প্রাপ্তির পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে উক্ত একতলা ক্লিনিক ভবনটি ভেঙ্গে অবশ্যই অপসারণ করতে হবে।

আরও উল্লেখ্য যে, কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন সময় নিলাম কার্যক্রম বাতিল/পুনঃনির্ধারণ/স্থগিত করতে পারবে। একতলা ক্লিনিক ভবন বলতে শুধুমাত্র ভৌত অবকাঠামোকেই বোঝাবে ক্লিনিকে রক্ষিত আসবাবপত্রসহ অন্য কোন বিষয় কে বোঝাবে না।

বিশেষভাবে উল্লেখ্য যে, চলমান করোনা মহামারীতে নিলাম সংশ্লিষ্ট/অংশগ্রহণকারী সকলকে বাধ্যতামূলকভাবে সরকার ঘোষিত স্বাস্থ্য বিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

- মাস্ক ব্যবহার করুন।
- সামাজিক দূরত্ব বজায় রাখুন।
- সাবান পানি দিয়ে হাত ধৌত করুন।

(আবু জাফর মোহাম্মদ মুসা)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অঃদাঃ)
কাঠালিয়া, ঝালকাঠি
ও সদস্য সচিব,

পুরাতন ভবন/স্থাপনা অকেজো ঘোষণা এবং নিলাম কমিটি।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৪। জেলা প্রশাসক, ঝালকাঠি।
- ৫। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, ঝালকাঠি।
- ৬। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচ.ই.ডি), পিরোজপুর বিভাগ।
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাঠালিয়া, ঝালকাঠি।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, কাঠালিয়া, ঝালকাঠি।
- ৯। অফিসার্স ইন চার্জ, কাঠালিয়া, ঝালকাঠি।
- ১০। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কাঠালিয়া, ঝালকাঠি।
- ১১। সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচ.এ.ডি), ঝালকাঠি জেলা।
- ১২। চেয়ারম্যান (সকল)..... ইউনিয়ন পরিষদ, কাঠালিয়া, ঝালকাঠি (ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ১৩। ব্যাপক প্রচারার্থে নোটিশ বোর্ড উপজেলা নির্বাহী অফিস/অত্র কার্যালয়/কাঠালিয়া প্রেস ক্লাব/কাঠালিয়া রিপোর্টার্স ইউনিটি।
- ১৪। অফিস নথি।